India Foundation for the Arts
I F A

**ইন্ডিয়া ফাউন্ডেশন ফর দ্য আর্টস**

**আর্টস রিসার্চ অ্যান্ড ডকুমেন্টশন**

আপনি কি সেই গবেষক বা শিল্পী যিনি সাংস্কৃতিক ধারাসমূহের নির্মাণ এবং তাদের ‘ঐতিহ্য’ হিসেবে প্রতিষ্ঠিত হয়ে ওঠার পদ্ধতিটিকে দেখতে চান? অথবা সমকালীন শিল্পসমূহের সূক্ষ্ম বিবর্তনগুলিকে পর্যবেক্ষণ করতে আগ্রহী?

**পরিধি**

এই অনুদান কর্মসূচী গবেষক তথ্য বিশেষজ্ঞ এবং শিল্পীদের নিম্নলিখিত বিষয়-নির্ভর গবেষণা প্রকল্প তথা দলিল নির্মাণ কর্মসূচীতে সাহায্য করবেঃ

**১) গবেষণা ও দলিল রচনার মাধ্যমে সমকালীন শিল্পচর্চার ক্ষেত্রে নতুন দিকগুলিকে চিহ্নিত করা।**

একজন শিল্পী বা গবেষক হিসেবে আপনি হয়তো সমকালীন শিল্পচর্চার ক্ষেত্রে নতুন সংযোজন বা রূপান্তরগুলিকে জানতে আগ্রহী। অর্থাৎ, ধরা যাক আপনি জানতে উৎসাহী নতুন প্রযুক্তি অর্থাৎ টেলিভিশন তথা ইন্টারনেটের সঙ্গে সমকালীন শিল্পকলাচর্চার আন্তর্মিলনের বিষয়টিকে। আপনি হয়তো সেইসব স্থান নির্দিষ্ট (site-specific) কাজের অনুসন্ধান করতে চান যা স্থানীয় কৌম সমাজ অথবা প্রাকৃতিক পরিবেশকে ভিত্তি করে গঠিত হয়েছে। অথবা শিল্পচর্চার সেইসব ক্ষেত্রগুলিকে ঘিরে আপনার উৎসাহ থাকতে পারে যা শিল্পী এবং শিল্পের ভোক্তার মাঝের প্রচলিত ক্ষমতা সম্পর্কের বিভেদরেখাকেই মুছে দেয়।

আপনি হয়তো গবেষণার প্রচলিত পদ্ধতি ব্যবহার করতে চান এবং/অথবা সূচনা করতে চান প্রচলিত বিষয়ভিত্তিক পদ্ধতিসমূহ থেকে দূরে অবস্থিত নতুন ধারণা তথা প্রযুক্তিগত পদ্ধতি যা সমকালীন শিল্পকলাচর্চার ক্ষেত্রকে এক নতুন আলোর সন্ধান দিতে পারে।

**২) গবেষণা এবং দলিল রচনার মাধ্যমে সূক্ষ্মভাবে, সাংস্কৃতিক ঐতিহ্যসমূহের নির্মাণকে অনুসন্ধান করা।**

‘tradition’ শব্দটির উৎস লাতিন *traditionem* থেকে যার বুৎপত্তিগত অর্থ ‘হস্তান্তর’। এক প্রজন্ম তার উত্তরসূরীর জন্য রেখে যায় জ্ঞান, বিশ্বাস, গল্প-গাথা, প্রথা ইত্যাদি। আবার ‘tradition’ বা ‘ঐতিহ্য’ অর্থে ভাবা যেতে পারে সাংস্কৃতিক বিশ্বাস অথবা রীতিসমূহের বহমান আধারের মধ্যে দীর্ঘকাল ধরে সুপ্রতিষ্ঠিত ভাবনাচিন্তার বিভিন্ন ধারাকেও।

যেহেতু ঐতিহ্য কিছু কিছু মূল্যবোধ, বিশ্বাস, রীতি, আচার ইত্যাদিকে নিজের পৃষ্ঠপোষকতা দান করে থাকে, সেহেতু এটা মনে করা ভুল হবে যে এগুলি স্মরণাতীতকাল থেকে চলে আসছে; মনে রাখা দরকার এগুলি আসলে সামাজিক নির্মিতি কিংবা পুনর্নির্মাণের ধারায় এরা অবয়ব পেয়েছে। বিভিন্ন প্রথা তথা আচার যাদের আমরা ‘ঐতিহ্য’ বলে ধরে

নিতে অভ্যস্ত, সূক্ষ্মতার নিরিখে বিচার করলে দেখা যাবে সেগুলির জন্ম প্রকৃতপক্ষে খুব সাম্প্রতিক সময়ে, সুচিন্তিতভাবেই এগুলির নির্মাণ করা হয়েছে একাধিক কারণকে মাথায় রেখে। সম্ভাব্য কারণ হিসেবে ভাবা যেতে পারে নির্দিষ্ট কিছু আচার, ক্ষমতার সমীকরণ অথবা সামাজিক শ্রেণী বৈষম্যকে স্বীকৃতিপ্রদান, বিভিন্ন দলমতের মধ্যে পারস্পরিক সংহতি রক্ষা কিংবা কৌম সত্তাপরিচয়কে তুলে ধরা, রাজনৈতিক বিশ্বাস, মতবাদ, উদ্দেশ্যকে সমর্থন প্রদান ইত্যাদি। বিভিন্ন শিল্পরীতিগুলিকেও নতুন দর্শক তথা বাজারের সন্ধানে বারংবার পুনগঠিত তথা পুনর্নির্মিত করা হয় পরিকল্পিতভাবেই।

ঐতিহ্যর নির্মাণ প্রক্রিয়াকে বুঝতে আগ্রহী গবেষক তথা শিল্পীদের জন্যই উপরোক্ত প্রসঙ্গভিত্তিক অনুদান কর্মসূচী। উদাহরণস্বরূপ বলা যায় আপনি হয়তো ঐতিহ্যের নির্মাণ তথা পুনর্নির্মাণ প্রক্রিয়া সঞ্জাত নতুন অর্থ, মূল্যবোধ, প্রতীক ইত্যাদির গবেষণায় আগ্রহী অথবা এই নির্মাণ তথা পুনর্নির্মান প্রক্রিয়ায় যা কিছু বাদ পড়ল, হারিয়ে গেল অথবা চাপা পড়ল তার সন্ধানে উৎসাহী। কেমন করে এই বিষয়টি শিল্পী, শিল্প-মাধ্যম বা শিল্প-রীতির সঙ্গে শিল্পের উৎপাদন তথা অনুগ্রহণের পরিপ্রেক্ষিতের সম্পর্ককে প্রভাবিত করে তা আপনি জানতে চান। অথবা ঐতিহ্যর নির্মাণ প্রক্রিয়ার উপর ক্রিয়াশীল ভাবাদর্শ তথা প্রভাবসমূহকে বুঝতে চান।

**আবেদন**

আই.এফ.এ.-র (IFA) কর্মচারীগণ এই অনুদান কর্মসূচীর বিষয়ে সানন্দে আপনার প্রশ্নগুলির উত্তর দেবেন। আপনাকে স্বাগত জানাই আমাদের কাছে এসে নিজের ধারণাগুলি নিয়ে আলোচনার জন্য অথবা April 30, 2014-এর আগে আমাদের প্রস্তাব এবং মন্তব্যের জন্য আমাদের কাছে একটি ড্রাফ্‌ট প্রপোজাল পাঠান।

আপনার চূড়ান্ত আবেদনপত্রগুলি অবশ্যই হার্ড কপি হবে এবং আমাদের কাছে May 31, 2014 -এর পরে পৌঁছলে তা গ্রাহ্য হবে না। আপনি আশা করতে পারেন অনুদান পুরস্কারগুলি July 2014 -এর মধ্যে ঘোষণা হতে পারে।

আপনি আপনার প্রস্তাব ইংরাজী সহ যেকোন ভারতীয় ভাষায় পাঠাতে পারেন।

আপনার প্রকল্পটি সম্পাদনের সর্বনিম্ন সময়সীমা হবে ১২ মাস এবং সর্বোচ্চ সময়সীমা হবে ১৮ মাস।

আপনি ৩ লক্ষ টাকা পর্যন্ত সাহায্যের অনুরোধ করতে পারেন। যদি আপনি একজন চলচ্চিত্র নির্মাতা হন, আপনি ৫ লক্ষ টাকা পর্যন্ত সাহায্যের অনুরোধ করতে পারেন।

আপনি অনুদানের পুরো সময়সীমার জন্য ১,৪৪,০০০/- টাকার কম অর্থ সাম্মানিক বরাদ্দ করতে পারেন। অনুগ্রহ করে মনে রাখবেন যে মোট অনুদানের পরিমাণ এই সাম্মানিকের অন্তর্ভুক্ত।

আবেদন করার জন্য আমাদের নিম্নলিখিত বিবরণাদিসহ প্রস্তাব পাঠান:

ক) যে সুনির্দিষ্ট সাংস্কৃতিক ঐতিহ্য অথবা সমকালীন রীতি নিয়ে আপনি গবেষণা করতে চান অথবা দলিল রচনা করতে চান।

খ) গবেষণা সংক্রান্ত যেসব প্রশ্ন আপনার প্রকল্পের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ।

গ) যে গবেষণা পদ্ধতি আপনি অনুসরণ করতে চান অথবা/এবং যে সকল নতুন পদ্ধতি গবেষণার বিষয়বস্তুকে বোঝার জন্য ব্যবহার করতে চান।

ঘ) আপনার প্রকল্পটির সম্ভাব্য সময় পরিসর তথা তার বিস্তারিত নির্ঘন্ট (workplan)।

ঙ) আপনার প্রকল্পটির সম্ভাব্য ফলাফল।

নিম্নলিখিত তথ্যসমূহকেও আপনার আবেদনের সঙ্গে পাঠান:

ক) যদি কোনো আনুষঙ্গিক উপাদান (supporting material) থাকে, যার মাধ্যমে আপনার কাজ সম্বন্ধে আমরা ধারণা করতে পারি।

খ) আপনার বায়োডাটা।

গ) বরাদ্দ অর্থ কিভাবে ব্যবহার হবে তার বিস্তারিত হিসেব। যদি অন্য কোনো সূত্র থেকেও অনুদান প্রাপ্তির সম্ভাবনা থাকে, তাও উল্লেখ করুন।

ঘ) আপনার সঙ্গে যোগাযোগ করার ঠিকানা, টেলিফোন/ফ্যাক্স নম্বর এবং আপনাকে ই-মেল করার ঠিকানা।

ঙ) আপনি যদি কোনো সংস্থার পক্ষ থেকে আবেদন করেন, তাহলে সংস্থার সম্বন্ধে বিস্তারিত তথ্যাদি, মেমোর্যান্ডাম অফ অ্যাসোসিয়েশন, ট্রাষ্ট ডীড, বার্ষিক রিপোর্ট, তথা তিন বছরের নিরীক্ষিত হিসাবপত্র (audited statements of accounts)।

**সাধারণ তথ্যাদি**

১) আমাদের অনুদান কেবলমাত্র প্রকল্প সংক্রান্ত ব্যক্তিগত খরচ, কাজকর্ম এবং ভ্রমণের ক্ষেত্রেই দেওয়া হবে এবং এই কাজের জন্য প্রয়োজনীয় ছোটোখাটো যন্ত্রপাতি বা জিনিসপত্রের জন্যও দেওয়া হবে। বিশেষভাবে লক্ষ্যণীয় যে, ব্যয়বরাদ্দের প্রতিটিভাগই প্রকল্প সংক্রান্ত খরচকেই ভিত্তি করে।

২) আপনি যদি ব্যক্তি হিসেবে আবেদন করেন, সেক্ষেত্রে একজন হিসাবরক্ষকের জন্যও ব্যয় বরাদ্দ করুন।

৩) সংস্থার সাধারণ খরচ, গৃহনির্মাণ সংক্রান্ত ব্যয় এবং পরিকাঠামোগত উন্নয়নের জন্য ব্যয় বরাদ্দ ধরবেন না।

৪) প্রস্তাবের মধ্যে আপনার ব্যক্তিগত পরিচয়কে তুলে ধরবেন না।

৫) আপনি আপনার খসড়া প্রস্তাবটি আমাদের কাছে ই-মেলের মাধ্যমে পাঠাতে পারেন কিন্তু আপনার চূড়ান্ত প্রস্তাবটি, আনুষঙ্গিক উপাদান সহ কেবলমাত্র হার্ডকপিতে থাকবে এবং আমাদের কাছে May 31, 2014 এর পরে পৌঁছালে গ্রাহ্য হবে না।

৬) অন্তিম তারিখের মধ্যে আপনার প্রস্তাব তথ্য প্রকল্প সংক্রান্ত আনুষঙ্গিক উপাদান আই. এফ. এ.-এর দপ্তরে পৌঁছে দেওয়ার দায়িত্ব আপনার। বিলম্বিত প্রস্তাবসমূহকে গ্রহণ করা হবে না।

৭) তালিকাভুক্ত হলে আপনার প্রস্তাব সম্পর্কে আমাদের নির্বাচিত বিশেষজ্ঞের সঙ্গে আপনাকে আলোচনায় অংশ নিতে হতে পারে।

৮) আমাদের নির্বাচিত বিশেষজ্ঞের সাহায্যে আপনার প্রস্তাবের মূল্যায়ণ করা হবে এবং সেইক্ষেত্রে আই. এফ. এ. - এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

## যোগ্যতা

আপনি যদি ভারতের নাগরিক হন অথবা যদি কমপক্ষে বিগত পাঁচবছর যাবৎ ভারতবর্ষের বাসিন্দা হন, সেক্ষেত্রে আপনি আবেদন করতে পারেন। সংস্থার ক্ষেত্রে সেটিকে সরকারীভাবে নথিভূক্ত, লাভ-রহিত (registered, non-profit) সংস্থা হতে হবে।

প্রকল্পের প্রাথমিক তথ্য প্রকল্প সংক্রান্ত তথ্যাদি জানার জন্য নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুন:

Tanveer Ajsi,
Programme Executive
India Foundation for the Arts,
'Apurva', Ground floor, No 259,
4th Cross, Raj Mahal Vilas, 2nd Stage, 2nd Block,
Bengaluru 560 094.
Tel: 080 23414681/82
E-mail: tanveerajsi@indiafa.org

অনুরোধসাপেক্ষ এই বিজ্ঞপ্তির অনুবাদ কয়েকটি ভারতীয় ভাষাতেও পাওয়া যেতে পারে অথবা www.indiafa.org থেকে ডাউনলোডও করা যেতে পারে।